নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড,
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৫০.২৩-৭৮৬ তারিখ : ১৪/১২/২০২৩ খ্রিঃ

## সভা'র নোটিশ

**বিষয়: ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির ২য় ত্রৈমাসিক সভা ২৬/১২/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ২.৩০ ঘটিকায় নগর ভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে স্থায়ী কমিটির সভাপতি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভা'র আলোচ্যসূচি :**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা।
২। ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক আলোচনা।
৩। বিবিধ।

১৪/১২/২০২৩
মোহাম্মদ হান্নান মিয়া
সহকারী সচিব ও সাচিবিক
দায়িত্ব পালনকারী কর্মকর্তা
ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
মোবাইলঃ ০১৭১২ -১৯০০৬২

বিতরণ :

১। জনাব ডাঃ সেলিনা হায়াৎ আইভী , মাননীয় মেয়র ।
সদস্য, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
২। জনাব মোঃ রিয়াদ হাসান, কাউন্সিলর- ১৬নং ওয়ার্ড
সভাপতি, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
৩। জনাব ......................................
সদস্য, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৫০.২৩ তারিখ : /১২/২০২৩ খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। পি এস টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩। অফিস কপি।

মো: [signature]

H:\Riyad (Admin Work)\NCC Shova\Standing Commiitteee\নোটিশ.docx

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

অদ্য ২৬/১২/২০২৩ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বেলা ২.৩০ ঘটিকা অনুষ্ঠিত ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের স্বাক্ষর :

| ক্র:নং | সম্মানিত সদস্যগণের নাম | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: রিয়াদ হাসান<br>সভাপতি<br>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ওয়ার্ড-১৬<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |
| ০২ | জনাব মোসাম্মৎ আয়েশা আক্তার<br>সম্মানিত সদস্য<br>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৭,৮,৯<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |
| ০৩ | জনাব শাহেন শাহ আহম্মেদ<br>সদস্য<br>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি<br>ও কাউন্সিলর, ২০ নং ওয়ার্ড<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | শাহেন শাহ আহম্মেদ | |
| ০৪ | জনাব মো: আব্দুল করিম<br>সদস্য<br>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি<br>ও প্যানেল মেয়র-০১<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |
| ০৫ | মাননীয় মেয়র মহোদয়<br>সদস্য<br>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | | |

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ ।
www.ncc.gov.bd

" শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি "

## " ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী "

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: রিয়াদ হাসান<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬<br>ও<br>সভাপতি<br>ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | : | ২৬/১২/২০২৩ খ্রি:, রোজ- মঙ্গলবার |
| সময় | : | বেলা ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের কক্ষ |

উপস্থিত সম্মানিত সদস্যগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) সংযুক্ত (পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য- সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া-কে অনুরোধ জানান। অত: পর সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদানের আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচী : ১: বিগত সভার কার্যবিবরণী পাঠ , অনুমোদন ।**

**আলোচনা ও সিদ্ধান্ত :** সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমতি হয়।

**আলোচ্যসূচী- ২: ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক আলোচনা।**

**আলোচনা :** কমিটির সদস্য জনাব মো: আব্দুল করিম সভাকে জানান যে, ক্রীড়া ও সংস্কৃতি শিক্ষা একই সূত্রে গাঁথা। খেলাধুলা ও সংস্কৃতি চর্চা মাধ্যমে একজন নাগরিকের মন বিকশিত হয়। দেশীয় শিক্ষা সংস্কৃতি ও লেখাধুলার সম্পর্কে জ্ঞান অর্জন করে। কিন্তু দিন দিন শহর অঞ্চলে লেখার মাঠসহ সংস্কৃতির চর্চার পরিবেশ কমে যাওয়ায় অনেক লেখাধুলা ও দেশীয় সংস্কৃতি হারিয়ে যাচ্ছে। বাংলার সংস্কৃতিকে সমৃদ্ধ করা ভাউয়াল গান, ভাটিয়ালী, পল্লীগীতি , মঞ্চ নাটক, সারকার্জ, যাত্রা পালাগান ইত্যাদি বিলুপ্তির পথে। এগুলো পুন: উদ্ধারে প্রচেষ্টা গ্রহণ করা প্রয়োজন। যে সমস্ত খালি জায়গা পরিত্যাক্ত অবস্থায় পড়ে আছে অথবা যে সমস্ত মাঠ সংস্কারের অভাবে লেখাধুলার করার অনউপযুক্ত হয়ে আছে সেগুলো সংস্কার করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

সদস্য সচিব জনাব মোহাম্মদ হান্নান মিয়া সভাকে অবহিত করেন যে, ক্রীড়া ও সংস্কৃতির মান উন্নয়নের লক্ষ্যে সিটি কর্পোরেশন কর্তৃক ইতোমধ্যেই মদনগঞ্জ ওয়েল ফেয়ার মাঠের উন্নয়ন ও সৌন্দযবর্ধন, শেখ রাসেল পার্কের লেখার মাঠ , ডি এস এস ক্লাবের মাঠের উন্নয়ন, চিত্তরঞ্জন লেখার মাঠ পুন: নির্মাণ ও সৌন্দবর্ধন, নাগাবাড়ী খেলার মাঠ উন্নয়ন , জিমখানা আলাউদ্দিন খান লেখার মাঠ সংস্কারের কারনে স্থানীয় জনসাধারনের ক্রীড়া ও সংস্কৃতি চর্চার অনুকুল পরিবেশ সৃষ্টি হয়েছে।

**সুপারিশ:** সভায় ক্রীড়া, শিক্ষা ও সংস্কৃতি বিকোশের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে খালি জায়গা না থাকায় লেখাধুলা অনুকুল পরিবেশ নাই। সংস্কৃতি চর্চারও তেমন পরিবেশ বা উন্নত ইনষ্টিটিউট এবং যথাযথ পৃষ্ঠপোষকতা না থাকায় ক্রীড়া ও সংস্কৃতি উন্নয়নের বিষয়ে হতাশা প্রকাশ করা হয়। তবে নারায়ণাগঞ্জ সিটি কর্পোরেশনে ইতোমধ্যে অনেক গুলো লেখার মাঠের উন্নয়ন ও সংস্কার কাযক্রম সম্পন্ন করে লেখাধুলার উপযোগী করায় মাননীয় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। তাছাড়া নাগবাড়ী লেখার মাঠের উন্নয়ন কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। সহসাই এ মাঠটি লেখাধুলার জন্য উন্মুক্ত করে দেওয়ার জন্য সর্বসম্মত সুপারিশ করা হয়।

সভায় বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো: রিয়াদ হাসান)
সভাপতি
ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৫০.২৩. ৮০১ তারিখ : ২৭/১২/২০২৩ খ্রি:

অনুলিপি: অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩। পি এস টু মেয়র (পরিচ্ছন্ন কর্মকর্তা), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো: রিয়াদ হাসান)
সভাপতি
ক্রীড়া ও সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।